

2021

বাংলা

( বাংলা কাব্য-কবিতা-১)

[Semester – I]

Paper Code: MABENG/c/105

পূর্ণমান: ৪০

সময়: ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রদত্ত নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

৪x১০=৪০

১. 'মেঘনাদবধ কাব্য'-এর প্রারম্ভে কবি বলেছেন “গাইব, মা, বীররসে ভাসি মহাগীত” – এই উক্তি কতখানি সার্থক হয়েছে তা যুক্তিসহকারে আলোচনা করো।

অথবা

বীর যোদ্ধাদের পদধ্বনি, রথ-রথীর মহা-কোলাহলের মধ্যে চতুর্থ সর্গটি একটি লিরিক-দ্বীপের মতো। - 'মেঘনাদবধ কাব্য'-এর কাহিনিতে চতুর্থ সর্গের প্রয়োজনীয়তা বিচার করো।

২. বিহারীলাল চক্রবর্তীর 'সারদামঙ্গল' মঙ্গলকাব্য কিনা, এই মর্মে কাব্যের নামকরণের প্রাসঙ্গিকতা আলোচনা করো।

অথবা

কেউ কেউ মনে করেন 'সারদামঙ্গল' কাব্যে বিহারীলালের রোমান্টিক ভাবনাচেতনার সার্থক প্রকাশ ঘটেছে – এই বিষয়ে তোমার অভিমত বিশদে আলোচনা করো।

৩. 'মুক্তবন্দী' কবিতায় পরাধীন দেশের বীরবিপ্লবী সন্তানদের প্রতি কবির যে শ্রদ্ধামিশ্রিত বিনয় ও বিস্ময় ফুটে উঠেছে, তা বিবৃত করো।

অথবা

'বর-বরণের নূতন ছড়া' কবিতায় তথাকথিত পুরুষতন্ত্রের উপর কবির প্রচ্ছন্ন প্রতিবাদের সুর ধ্বনিত হয়েছে - আলোচনা করো।

৪. নজরুলের 'বিদ্রোহী' কবিতায় কবির বিদ্রোহী চেতনার সঙ্গে রোমান্টিক চেতনাও যুক্ত হয়েছে - আলোচনা করো।

অথবা

"সাম্যের গান গাই-

আমার চক্ষে পুরুষ-রমণী কোন ভেদাভেদ নাই।" -

ইসলামের 'নারী' কবিতার মাধ্যমে সামাজিক অসাম্যের বিরুদ্ধে কবি কী ভাবে প্রতিবাদ জানিয়েছেন তার পরিচয় দাও।